



Public Health
England

NHS

লন্ডনে বসবাস করেন এমন সকল বাবা-মায়েদের জন্য তথ্য

আপনার শিশু এবং টিবি ও বিসিজি টিকা

অনেক অন্যান্য দেশের
মতন ইউকেতেও সেই সকল
শিশুদেরকে বিসিজি (ব্যাসিলস
ক্যালমেট-গুয়েরিন) টিকা প্রদান
করা হয় যারা সম্ভবত টিবি রোগে
(যক্ষ্মারোগ) আক্রান্ত কোনো
ব্যক্তির সংস্পর্শে আসতে পারে।

এতে সেই সকল শিশুরা অন্তর্ভুক্ত
রয়েছে যারা এমন একটি
অঞ্চলে থাকে যেখানে টিবি'র
উচ্চ সংক্রমণ হার রয়েছে অথবা
এমন শিশু যাদের মাতা-পিতা বা
ঠাকুরদা বা ঠাকুরমা এমন দেশ
থেকে এসেছেন যেখানে টিবি'র
উচ্চ সংক্রমণ হার রয়েছে।

mmunisation


the safest way to protect your child

দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় এখানে টিবি সংক্রমণের হার অনেক উচ্চ থাকার কারণে ২০১৬ সাল থেকে লন্ডন শহরের অনেক ম্যাটারনিটি ওয়ার্ডে সকল শিশুদেরকে বিসিজি টিকা প্রদান করা হত। তবে গত ৮ বছর ধরে বছরের পর বছর লন্ডনে টিবি রোগে আক্রান্ত লোকদের সংখ্যা ক্রমাগতভাবে হ্রাস হয়ে এসেছে।

অতএব ২০২০ সালের সেপ্টেম্বর মাস থেকে লন্ডনে জন্মগ্রহণকারী প্রত্যেকটি শিশুর জন্য বিসিজি'র টিকা উপলব্ধ থাকবে না। টিবির উচ্চ সংক্রমণ হার আছে এমন সকল অঞ্চলে বসবাসকারী শিশুদেরকে অথবা এমন শিশু যাদের মাতা-পিতা বা ঠাকুরদা কিংবা ঠাকুরমা এমন দেশ থেকে এসেছেন যেখানে টিবি'র উচ্চ সংক্রমণ হার রয়েছে তাদেরকে অব্যাহতভাবে বিসিজি টিকা প্রদান করা হবে। বিসিজি টিকাকে কমিউনিটি ক্লিনিকে প্রদান করা হবে।

সেপ্টেম্বর ২০২০ থেকে যদি নিম্নবর্ণিত কোনও প্রশ্নের জন্য আপনার জবাব হ্যাঁ হয় তাহলে আপনার মিডওয়াইফ বা হেলথ ভিজিটর কিংবা জিপি আপনার শিশুকে একটি কমিউনিটি বিসিজি টিকাদান ক্লিনিকে রেফার করবেন:

- আপনার শিশু বা শিশুর মাতা বা পিতা অথবা ঠাকুরদা/ ঠাকুরমা বা আপনার সঙ্গে থাকেন এমন কেউ কি কোনো এমন দেশ থেকে এসেছেন যেখানে টিবি* সংক্রমণের উচ্চ হার রয়েছে?
- আপনি ও আপনার শিশু কি এই দেশগুলোর মধ্যে কোনোটিতে বন্ধুদের বা পরিবারের সঙ্গে থাকবেন বা সাময়িকভাবে থাকতে যাবেন?
- আপনার সঙ্গে থাকেন বা আপনার শিশুর সঙ্গে অনেক সময় কাটান এমন কারোর কি সম্প্রতি টিবি হয়েছে বা অতীতে টিবি ছিল?
- আপনি কি লন্ডন বরো অব নিউহামে থাকেন?



* www.gov.uk/government/publications/tuberculosis-tb-by-country-rates-per-100000-people